সংবাদ

তারিখ 14 MAY 2008
পৃষ্ঠা ১২ কলাম ৬

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

# গবেষণা উদ্যানটি উচ্ছেদের প্রতিবাদ শিক্ষার্থীদের

নিজস্ব বার্তা পরিবেশক

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের গবেষণার জন্য ব্যবহৃত বিশ্ববিদ্যালয়ে অবস্থিত উদ্যানতত্ত্ব খামারের গাছ কেটে ও পুকুর ভরাট করে খামারের মধ্যে বিল্ডিং তৈরির উদ্যোগ গ্রহণকে অনভিপ্রেত বলে অভিহিত করেছেন পরিবেশ আন্দোলনের কর্মী ও সাধারণ ছাত্র-শিক্ষকরা। তারা গাছ কাটা ও পুকুর ভরাট বন্ধের দাবি জানিয়েছেন।

প্রতিবাদ : পৃ: ১১ ক: ২

## প্রতিবাদ : উচ্ছেদ

(১২ পৃষ্ঠার পর)

পরিবেশ বাঁচাও আন্দোলন (পবা), বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা) ও কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের যৌথ উদ্যোগে গতকাল মঙ্গলবার সকালে অনুষ্ঠিত অবস্থান কর্মসূচি থেকে এ দাবি জানানো হয়। অবস্থান কর্মসূচিতে উপস্থিত ছিলেন পবা'র চেয়ারম্যান আবু নাসের খান, বিশ্ববিদ্যালয়ের হর্টিকালচার ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর রুহুল আমীন, প্রফেসর একেএম মাহাতাব উদ্দীন, সহকারী প্রফেসর জামাল উদ্দীন, এসোসিয়েটস প্রফেসর হাসানুজ্জামান আকন্দ, সহযোগী অধ্যাপক ইসমাইল হোসেন, প্রভাষক এএইচ-এম সোলাইমান, প্রভাষক আরফান আলী, প্রভাষক জসিম উদ্দীন, প্রভাষক তাজুল ইসলাম চৌধুরী, প্রফেসর এমএ মান্নান মিয়া, সহকারী অধ্যাপক জাহিদুর রহমান, বেলা'র এডভোকেট সাদিয়া আঞ্জুম, সায়েমা আফরোজ, মোস্তফা ইকবাল ফরহাদ প্রমুখ।